ইত্তেফাক

১৫৭

তারিখ ৬।৭।৮০ ... ...
পৃষ্ঠা... ... ... কলাম ... ... ...

# কলেজ অব নার্সিং-এর নয়া ভবন উদ্বোধন

বাসস জানায়, প্রেসিডেন্ট জিয়াউর রহমান গতকাল (সোমবার) দেশে সেবিকাদের প্রশিক্ষণ ও উচ্চতর শিক্ষালাভের অগ্রণী প্রতিষ্ঠান কলেজ অব নার্সিং-এর নয়া ভবন উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত এই কলেজটি সেবা-শুশ্রূষা শিক্ষার বিভিন্ন ক্ষেত্রে ডিগ্রী-ডিপ্লোমা দিয়া আসিতেছে। ইহা এখন সেবা প্রশাসন ও সেবা শিক্ষকের চাহিদা পূরণে সুদূরপ্রসারী অবদান রাখিবে।

মহাখালীতে কলেজ প্রাঙ্গণে উদ্বোধনী অনুষ্ঠানে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রী অধ্যাপক এম এ মতিন, নার্সিং সার্ভিসের পরিচালিকা মিসেস রহিমা খাতুন এবং কলেজের অধ্যক্ষা মিসেস শাহজাদী হারুনও বক্তৃতা করেন।

উদ্বোধনী ভাষণে প্রেসিডেন্ট জিয়া সেবিকা সম্প্রদায়ের প্রতি মানবতার চেতনায় উদ্বুদ্ধ হইয়া আর্তের সেবা ও সহায়তায় আগাইয়া আসার আহ্বান জানান। তিনি বলেন যে, দুঃস্থ ও আর্তের সেবা সেবিকাদের মহান কর্তব্য এবং এইজন্যই সমগ্র জাতি ও সমাজ তাহাদের প্রতি কৃতজ্ঞ।